দৈনিক বাংলা

তারিখ 09-JUL 1997
পৃষ্ঠা ৮ কলাম ৫

29

### প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ

# স্কুলে ধর্মীয় শিক্ষা চালু থাকবে ঃ শিক্ষা নীতি প্রণয়ন কমিটি

শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেকের নেতৃত্বে জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটির তিন সদস্যের একটি প্রতিনিধিদল মঙ্গলবার প্রেসিডেন্ট বিচারপতি সাহা-

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## স্কুলে ধর্মীয় শিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

বুদ্দীন আহমদের সঙ্গে বঙ্গভবনে সাক্ষাৎ করেন। খবর বাসসর।

বঙ্গভবন সূত্র জানায়, প্রতিনিধি দলের সদস্যগণ তাদের কাজের অগ্রগতি সম্বন্ধে প্রেসিডেন্টকে অবহিত করেন। তারা বলেছেন, যথাসময়ে তারা তাদের রিপোর্ট পেশ করতে পারবেন। তারা প্রেসিডেন্টকে স্কুলে ধর্মীয় শিক্ষাদান সংক্রান্ত বিষয়েও অবহিত করেন। তারা বলেন, স্কুলে ধর্মীয় শিক্ষা দেয়া হবে না বলে এক প্রকার ভ্রান্ত ধারণা সৃষ্টি করা হয়েছে। তারা বলেন, এটা সত্যের অপলাপ তথা মোটেও সত্য নয়। তারা উল্লেখ করেন যে, স্কুলে ধর্মীয় শিক্ষাদান অব্যাহত থাকবে।

কমিটির চেয়ারম্যান সাবেক উপদেষ্টা অধ্যাপক শামসুল হক ও সদস্য সচিব এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মুহাম্মদ ফজলুর রহমান উপস্থিত ছিলেন।